

তারিখ : 10/03/2017

### এখন আরবিআই ওয়েবসাইট আপনার আঙুলের ডগায়

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক আজ ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের ওয়েবসাইটের ([www.rbi.org.in](http://www.rbi.org.in)) একটি মোবাইল প্রয়োগ-ব্যবস্থা(অ্যাপ) সংস্করণের প্রথামাফিক সূচনা করল। এই অ্যাপটি অ্যান্ড্রয়েড তথা আইওএস প্ল্যাটফর্মে পাওয়া যাবে এবং “Reserve Bank of India” এই কি-ওয়ার্ড ব্যবহার করে অ্যান্ড্রয়েড ফোন/ আই-ফোনে যথাক্রমে [প্লে স্টোর/ অ্যাপ স্টোর](#) থেকে ডাউনলোড করা যাবে।

প্রারম্ভিকভাবে, ওয়েবসাইটের সর্বাধিক প্রবিশ্ট বিভাগ: প্রেস প্রকাশনি, আই এফ এস সি/ এম আই সি আর কোড, ব্যাঙ্ক হলিডে এবং কারেন্ট রেটসমূহ যার মধ্যে অন্তর্ভুক্ত আছে পলিসি রেট এবং চারটি প্রধান মুদ্রার রেফারেন্স রেট- অ্যাপটিতে সংযুক্ত করা হয়েছে। অ্যাপটির ল্যান্ডিং পেজের উপর দিকে একটি চলমান উইন্ডো আছে যা তিনটি জনসচেতনতা মূলক বার্তা পর্যায়ক্রমে প্রদর্শন করতে থাকে- ₹ 2000 এবং ₹ 500 মূল্যমানের কারেন্সি নোটের নতুন নকশা তথা “আরবিআই কেহতা হ্যায়” –এর অধীনে কেওয়াইসি-র পর্যায়ের আরবিআই বার্তাসমূহ। এর যেকোনও একটির উপর ক্লিক করলে, ব্যবহারকারী, জারি করা জনসচেতনতা মূলক বার্তার সম্পূর্ণ পাঠ্যাংশটি খুলতে ও পড়তে পারবেন। এছাড়া নতুন প্রকাশনিগুলির উপর তৎকালিভিত্তিক সংবাদ পেতে ব্যবহারকারী ‘পুশ’ নোটিফিকেশনের বৈশিষ্ট্যগুলিকে সক্রিয় করতে পারেন।

অ্যাপটিকে আরও উপযোগী এবং আকর্ষণীয় করে গড়ে তোলার উদ্দেশ্যে ব্যবহারকারীগণ [ইমেলের](#) মাধ্যমে তাঁদের পরামর্শ এবং অভিজ্ঞতা ভিত্তিক মতামত দিতে পারেন।

প্রেস প্রকাশনি : 2016-2017/2419

শিবি এস. মাথাই

প্রবন্ধক